

Serampore Girls' College

কলেজের ছাত্রীদের উদ্দেশে

বিগত কয়েক মাস আমরা সবাই Corona Virus জনিত বিভীষিকার মধ্য দিয়ে চলেছি। আগামী বেশ কিছুদিন আমাদের এভাবেই চলতে হবে। বাড়ীর বাইরে আমাদের যা কাজকর্ম ছিল তা স্তব্ধ। জীবনে দৈনন্দিন যেটুকু অত্যন্ত প্রয়োজনীয় সেটুকুই মিটছে। অনেক পরিবারের পক্ষে তাও সম্ভব হচ্ছেনা। Corona Virus এর বিভীষিকা তাদের ভয়নক আর্থিক দুর্গতির দিকে ঠেলে দিয়েছে। আমি জানি আমাদের কলেজের অনেক ছাত্রী এমন আর্থিক বিপর্যয় সম্মুখীন। অনেক কষ্টের মধ্যে দিয়ে তাদের দিন কাটছে।

Lockdown এর প্রথম পর্যায় থেকেই কলেজের শিক্ষক/শিক্ষিকারা ছাত্রীদের পাশে থাকার বার্তা দিয়ে Online Class চালিয়ে যাচ্ছেন।

আমি জানি কলেজের অনেক ছাত্রীর Smart Phone না থাকার কারণে Online Class এর সুবিধা নিতে পারছে না। তাদের কাছে বইপত্রও নেই। এই বিপর্যয়ে পড়াশুনা এগিয়ে নিয়ে যাওয়া তাদের পক্ষে সম্ভব নয়। তা বলে মন খারাপ করোনা। কলেজ খুললে কলেজের শিক্ষক/শিক্ষিকারা তোমাদের সঙ্গে যথাসম্ভব সহযোগিতা করবেন।

কলেজের অনেক ছাত্রী আছে যারা Online Class চলাকালীন হাতে Smart Phone পাচ্ছে না বা সেইসময় আর্থিক প্রয়োজনে রোজগারে ব্যাস্ত হয়ে পড়ছে। তাদের উদ্দেশে জানাই শিক্ষক শিক্ষিকারা Study Material WhatsApp group এ আগের মতোই দিয়ে দেবেন। কলেজের Website এ বিভাগের যে page আছে তাতে upload করে দেবেন। তোমরা পরে তোমাদের সময় মত তা পড়াশুনা করতে পারবে।

প্রায় প্রত্যেকটি ছাত্রী কলেজের ভর্তির প্রথম বর্ষে রাজ্য সরকার প্রাপ্ত বিভিন্ন Scholarship এর সুবিধা পেয়েছে। এই বিপর্যয় মুহূর্তে তোমরা অবশ্যই তার সদ্যবহার করবে।

আশাকরি এই দুর্যোগ আমরা কিছুদিনের মধ্যে কাটিয়ে উঠতে পারবো। সুস্থ থেকে, ভালো থেকে, একে অপরের পাশে থেকে।

ড: সোমা রায়
অধ্যক্ষা
শ্রীরামপুর গার্লস কলেজ